


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
রাঙ্গামাটি সরকারি কলেজ  
রাঙ্গামাটি পার্বত্য জেলা

তারিখ: ০৯/০৯/২০২০ খ্রি.


## ২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি (সংশোধিত)

অত্র কলেজের সংশ্লিষ্ট সকল শিক্ষার্থী ও অভিভাবকদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির লক্ষ্যে অনলাইনে আবেদনের প্রেক্ষিতে যেসকল শিক্ষার্থী ১ম, ২য় ও ৩য় পর্যায়ে নির্বাচিত হয়ে Selection নিশ্চায়ন করেছে, তাদেরকে পূর্ব নির্ধারিত তারিখ ও সময় অনুযায়ী কলেজে উপস্থিত হয়ে ভর্তি হতে হবে। বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটির সিদ্ধান্ত মোতাবেক কোভিড-১৯ মহামারির কারণে স্বাস্থ্য বিধি অনুসরণের লক্ষ্যে ভর্তির সময় কোন প্রকার প্রামাণ্যপত্র গ্রহণ করা হবে না। তবে ভর্তির সময় ফরম পূরণের জন্য প্রয়োজনীয় কাগজপত্র সঙ্গে রাখা যাবে।

উল্লেখ্য, কোভিড-১৯ মহামারির উন্নতি হলে সুবিধামত সময়ে প্রয়োজনীয় কাগজপত্রাদি শিক্ষার্থীদের নিকট থেকে নেয়া হবে। তবে কোটায় ভর্তির ক্ষেত্রে প্রামাণ্য সনদপত্র অবশ্যই দাখিল করতে হবে।

  
অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ  
রাঙ্গামাটি পার্বত্য জেলা



অবগতির জন্য বিতরণ:

- ১। উপাধ্যক্ষ, অত্র কলেজ, রাঙ্গামাটি।
- ২। সম্পাদক, শিক্ষক পরিষদ, অত্র কলেজ, রাঙ্গামাটি।
- ৩। আহবায়ক, একাদশ ভর্তি কমিটি (২০২০-২০২১ শিক্ষাবর্ষ), অত্র কলেজ, রাঙ্গামাটি।
- ৪। হিসাব সহকারী, অত্র কলেজ, রাঙ্গামাটি।
- ৫। সংরক্ষণ নথি।